Asylum Advice

আশ্রয় (অ্যাসাইলাম)-এর জন্য আবেদন

অধ্যায় 1: আশ্রয় (অ্যাসাইলাম)-এর জন্য আবেদন

1.1 আপনার কি আশ্রয় (অ্যাসাইলাম)-এর জন্য আবেদন করা প্রয়োজন?

আপনি শুধুমাত্র তখনই আশ্রয় (আন্তর্জাতিক সুরক্ষা) এর জন্য আবেদন করবেন যখন আপনি দেশে ফিরে যেতে ভয় পাবেন। 1951 সালের জাতিসংঘ কনভেনশন (United Nations Convention) শরণার্থী সংক্রান্ত আইন অনুযায়ী আপনাকে তখনই একজন শরণার্থী হিসাবে স্বীকৃতি দেওয়া হবে, যখন নির্দিষ্ট কোন নির্যাতনের ভয়ে আপনি নিজ দেশ ত্যাগ করতে বাধ্য হন এবং ফিরে যেতে পারেন না, যা নিম্নলিখিত কারণগুলোর যে কোন একটা হতে পারে:

- আপনার বর্ণ
- আপনার ধর্ম
- আপনার জাতীয়তা
- আপনার রাজনৈতিক মতামত; অথবা
- কোন বিশেষ সামাজিক দলের সাথে জড়িত থাকা।

উপরোক্ত পাঁচ কারণের সাথে মিল না থাকায় যদি সিদ্ধান্ত নেয়া হয় যে আপনি শরণার্থী নন, কিন্তু দেশে ফিরে গেলে আপনার ভোগান্তি বা বিশেষ ক্ষতি হবার বিশ্বাসযোগ্য কারণ থাকে, তবে আপনি মানবিক প্রতিরক্ষার যোগ্য হতে পারেন।

যদি আপনি মনে করেন যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার (অ্যাসাইলাম বা মানবিক প্রতিরক্ষা (Asylum or Humanitarian Protection)) যোগ্য নন কিন্তু অন্য কোন কারণে ইউনাইটেড কিংডম (ইউকে)-এ থাকতে চান এবং তবে তার জন্য আপনার আইনি পরামর্শ নেয়া উচিত।

যদি আপনার আন্তর্জাতিক সুরক্ষা আবেদন অস্বীকৃত হয় তবে পরবর্তীতে ইউকে-তে বসবাস করা বা ভ্রমণের যে কোন আবেদন ক্ষতিগ্রস্ত হতে পারে।

1.2 কোথায় আমি অ্যাসাইলাম-এর জন্য আবেদন করতে পারি?

আপনি কি কোন এয়ারপোর্ট, সীপোর্ট বা আন্তর্জাতিক ট্রেন স্টেশনে আছেন?
আপনি যদি ইউনাইটেড কিংডম-এ অ্যাসাইলাম-এর জন্য আবেদন করতে চান তবে পৌঁছামাত্র যত দ্রুত সম্ভব তা করা খুব গুরুত্বপূর্ণ। আপনি যদি নির্যাতনের হাত থেকে বেঁচে পালিয়ে আসেন এবং সুরক্ষার প্রয়োজন হয় তবে দ্রুত ইমিগ্রেশন অফিসারদের সংগে যোগাযোগ করুন। ইমিগ্রেশন অফিসারদের সংগে কথা বলার সময়ে তাদেরকে জানান যে আপনি ইউনাইটেড কিংডম-এ আশ্রয়ের জন্য আবেদন করতে চান কারণ আপনি বিপদ সঙ্কুল অবস্থায় আছেন।

আপনি কি ইতোমধ্যেই ইউনাইটেড কিংডম-এ আছেন?
আপনি যদি ইতোমধ্যেই ইউকে-তে থেকে থাকেন, তবে আপনি অবশ্যই অ্যাসাইলাম ইনটেক ইউনিট (Asylum Intek Unit) ক্রয়ডন (Croydon) (সাউথ ইস্ট লন্ডন (South East London)) এ একটা অ্যাপয়েন্টমেন্ট বুক করবেন। আপনি অবশ্যই আপনার পরিজনদের সাথে নেবেন যারা আপনার অ্যাসাইলাম-এর আবেদনে থাকবে। এটা গুরুত্বপূর্ণ যে আপনি ইউনাইটেড কিংডম-এ আসার সাথে সাথেই অ্যাসাইলাম-এর জন্য আবেদন করবেন অথবা যখনই জানবেন আপনার পরিস্থিতির পরিবর্তন হয়েছে এবং আপনার আন্তর্জাতিক সুরক্ষার প্রয়োজন রয়েছে। দয়া করে মনে রাখবেন হোম অফিস ক্রয়ডন-এ আসার জন্য আপনাকে কোন অর্থ দেবে না।

উপরে উল্লেখিত অ্যাপয়েন্টমেন্ট সিস্টেম ছাড়াও, যারা ওয়াক-ইন পরিষেবার মাধ্যমে উপস্থিত হচ্ছেন অ্যাসাইলাম ইনটেক ইউনিট সেইসব আবেদনকারীদেরকে মূল্যায়ন করবে। তবে, আপনার আবেদন নিয়ে যে সেইদিনই কাজ করা হবে তার কোন নিশ্চয়তা নেই। আপনার আবেদনের প্রক্রিয়াকরণ করার জন্য আপনাকে হয়তোবা অন্য কোন দিন অ্যাপয়েন্টমেন্ট করার জন্য পরামর্শ দেওয়া হতে পারে।

অ্যাসাইলাম ইনটেক ইউনিট-এ অ্যাপয়েন্টমেন্ট করার জন্য নম্বর: 020 8196 4524

খোলার সময়: সোমবার থেকে বৃহস্পতিবার, সকাল 9 টা থেকে বিকাল 4.45 টা পর্যন্ত এবং শুক্রবার সকাল 9 টা থেকে বিকাল 4.30 টা পর্যন্ত।

অ্যাসাইলাম ইনটেক ইউনিট-টি লুনার হাউস, 40 ওয়েলেসলি রোড, ক্রয়ডন CR9 2BY (Lunar House, 40 Wellesley Road, Croydon CR9 2BY) -এ অবস্থিত।

যদি অ্যাপয়েন্টমেন্ট পরিবর্তন বা বাতিল করবার প্রয়োজন হয় তবে অতি সত্বর যোগাযোগ করবেন 020 8196 4524 নম্বরে।

যদি আপনি অরক্ষিত হন এবং স্কটল্যান্ডে অবস্থান করেন সেক্ষেত্রে আপনাকে গ্লাসগো (Glasgow)-তে আপনার স্ক্রিনিং ইন্টারভিউ দেবার জন্য অনুমোদন করা হতে পারে। তবে এটা হোম অফিস বিবেচনা করে এবং এক্ষেত্রে শুধুমাত্র এক একটা কেস হিসাবে সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকে।

1.3 অ্যাসাইলাম-এর আবেদন করতে পরামর্শ ও দিকনির্দেশনা এবং অ্যাসাইলাম প্রক্রিয়া

অ্যাসাইলাম হেল্প (Asylum Help) মাইগ্রেন্ট হেল্প চ্যারিটি (Migrant Help Charity) -এর একটা অংশ। অ্যাসাইলাম হেল্প-এর মাধ্যমে এই সংস্থাটি অ্যাসাইলাম আবেদনকারীদের পরামর্শ এবং নির্দেশনা প্রদান করে থাকে। অ্যাসাইলাম হেল্প বিনামূল্যে নিরপেক্ষ ভাবে অ্যাসাইলাম পদ্ধতি, বাসস্থান, আর্থিক সহায়তা, উকিল খুঁজে দেয়া এবং অন্যান্য অ্যাসাইলাম সহায়ক বিষয়ে অ্যাসাইলাম আবেদন করতে পরামর্শ, নির্দেশনা দিতে পারে।

অ্যাসাইলাম স্ক্রিনিং, প্রকৃত সাক্ষাৎকার, আপনার কেসের বিষয়ে যখন একটি সিদ্ধান্ত নেওয়া হবে সে সম্পর্কে সকল তথ্য অ্যাসাইলাম অ্যাডভাইস ওয়েব সাইট-এ অডিও এবং লিখিত উভয় ভাবে পাওয়া যাবে। এইগুলো 15 টি গুরুত্বপূর্ণ ভাষায় পাওয়া যাবে। দয়া করে আমাদের ওয়েব সাইট www.asylumhelpuk.org ভিজিট করুন।

আপনি যদি সরাসরি একজন উপদেষ্টার সাথে কথা বলতে চান, তবে দয়া করে বিনামূল্যের অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে (Asylum Advice UK)-এ কল করুন: 0808 8000 626 নম্বরে। মনে রাখবেন অ্যাসাইলাম হেল্প (Asylum Help) আপনার অ্যাসাইলাম-এর জন্য ক্লেইম করতে কোন ধরনের আইনগত সহায়তা দিতে পারবে না।

অ্যাসাইলাম প্রসেস ডায়াগ্রাম



1.4 আপনার কি অ্যাসাইলাম-এর জন্য পৃষ্ঠপোষকতা (সাপোর্ট) প্রয়োজন?

আপনার অ্যাসাইলাম আবেদন রেজিস্টার করার পর বা আপনাকে কোন অ্যাপয়েন্টমেন্ট দেবার পরে যদি আপনার অ্যাসাইলাম সাপোর্টের জন্য আবেদন করার প্রয়োজন হয় সেক্ষেত্রে আপনি আমাদের *বিনামূল্যের হেল্পলাইনে কল করুন:

অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশন ইউকে (Asylum Support Application UK)-তে 0808 8000 627 নম্বরে

এই পরিষেবাটি আপনার নিজের ভাষায়ও দেয়া সম্ভব।

অ্যাসাইলাম সাপোর্ট বিষয়ে আরও তথ্য পেতে পারেন: www.asylumhelpuk.org

যদি আপনি হোমলেস হন বা খরচ বহন করতে অক্ষম হন তবে দয়া করে স্ক্রিনিং-এর সময় তা জানাবেন। হোম অফিস মূল্যায়ন করবে আপনার অস্থায়ী বাসস্থানের প্রয়োজন কিনা, যা তারা স্ক্রিনিং এর পরপরই জানাতে সক্ষম। যদি আপনার স্ক্রিনিং অ্যাপয়েন্টমেন্টে আপনার আবাসস্থানের ব্যাপারটিকে এন্ট্রি করা প্রত্যাখ্যান করা হয় সেক্ষেত্রে অ্যাসাইলাম হেল্প আপনাকে অবিলম্বে বাসস্থান প্রাপ্তিতে সহায়তা করতে সক্ষম হবে না কিন্তু দীর্ঘমেয়াদী সহায়তার জন্য আবেদন করতে আপনাকে সাহায্য করতে পারে।

যদি আপনি ইউকেতে ভিসা নিয়ে ঢুকে থাকেন বা নিজের খরচ নিজেই বহন করতে থাকেন সেক্ষেত্রে আপনাকে অবশ্যই কীভাবে নিজে নিজের খরচ দিয়েছেন এবং কোথায় কী পরিমাণ অর্থ খরচ হয়েছে তার পুরো হিসাব দিতে হবে। আপনাকে দেখাতে হবে কেন এই সাহায্য বর্তমানে আর পাওয়া যাচ্ছে না। আপনার স্ক্রিনিং ইন্টারভিউতে এই ব্যাপারে পাওয়া সকল প্রমাণ দিতে হবে।

1.5 সহায়তামূলক স্বেচ্ছা প্রত্যাবর্তন

আপনি যদি মনে করেন আপনি অ্যাসাইলাম ক্লেইম করবেন না এবং একজন অনিয়মিত অভিবাসী হিসাবে দেশে ফিরে যেতে চান, সেক্ষেত্রে এ সংক্রান্ত সহায়তা হোম অফিস অ্যাসিস্টেড ভলান্টারী রিটার্ন প্রোগ্রাম (Home Office Assisted Voluntary Return Program) থেকে পেতে পারেন।

আরও বেশি তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন:

www.gov.uk/return-home-voluntarily

ভলান্টারী ডিপার্চার্স টিম (Voluntary Departures Team):
0300 004 0202

এই অধ্যায়ের যে কোন বিষয়ে আরও বেশি জানতে দয়া করে অ্যাসাইলাম হেল্প-এর সাথে যোগাযোগ করুন।

www.asylumhelpuk.org

অ্যাসাইলাম অ্যাডভাইস ইউকে **0808 8000 626**

অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশন ইউকে **0808 8000 627**